

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৩৭৯

(كتاب الأشربة) २८/ পानीय़ ७ পानপाव

পরিচ্ছেদঃ ২৪/৫. যা থেকে শরাব তৈরি হয়

بَابِ مَا يَكُونُ مِنْهُ الْخَمْرُ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ رُمْحٍ، أَنْبَأَنَا اللَّيْثُ بْنُ سَعْدٍ، عَنْ يَزِيدَ بْنِ أَبِي حَبِيبٍ، أَنَّ خَالِدَ بْنَ كَثِيرٍ الْهَمْدَانِيَّ، حَدَّثَهُ أَنَّ السَّعْبِيُّ حَدَّثَهُ أَنَّ السَّعْبِيُّ حَدَّثَهُ أَنَّهُ، سَمِعَ النُّعْمَانَ بْنَ بِسْمِي الله عليه وسلم - " إِنَّ مِنَ الْحِنْطَةِ خَمْرًا وَمِنَ الشَّعِيرِ عَمْرًا وَمِنَ الشَّعِيرِ خَمْرًا وَمِنَ التَّمْرِ خَمْرًا وَمِنَ التَّمْرِ خَمْرًا وَمِنَ الْعَسَلِ خَمْرًا ".

বাংলা

২/৩৩৭৯। নু'মান ইবনে বাশীর (রাঃ) বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ গম থেকে শরাব হয়, বার্লি থেকে শরাব হয়, আংগুর থেকে শরাব হয়, খেজুর থেকে শরাব হয় এবং মধু থেকে শরাব হয়।

English

It was narrated from Nu'man bin Bashir that the Messenger of Allah (ﷺ) said:

"From wheat comes wine, from barley comes wine, from raisins comes wine, from dates comes wine and from honey comes wine."

ফুটনোট

তিরমিয়ী ১৮৭২, আবূ দাউদ ৩৬৭৬, ৩৬৭৭, সহীহাহ ১৫৯৩, মিশকাত ৩৬৪৭।

তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী সারিয়ায় বিন ইসমাইল সম্পর্কে আবু বাকর আল-বাযযার বলেন, তিনি হাদিস বর্ণনায় নির্ভরযোগ্য নয়। আবু বাকর আল-বায়হাকী বলেন, তিনি দুর্বল। আহমাদ বিন হাম্বল বলেন, মানুষ তার হাদিস বর্জন করেছে, তিনি নির্ভরযোগ্য নয়। ইবরাহীম বিন ইসহাক বলেন, তার মাঝে দুর্বলতা রয়েছে। ইমাম যাহাবী তাকে বর্জন করেছেন। (তাহযীবুল কামালঃ রাবী নং ২১৯৩, ১০/২২৭ নং পৃষ্ঠা)



উক্ত হাদিসটি সহীহ কিন্তু সারিয়া বিন ইসমাইল এর কারণে সানাদটি দুর্বল। হাদিসটির ২৫৩ টি শাহিদ হাদিস রয়েছে, ২০ টি খুবই দুর্বল, ৭১ টি দুর্বল, ৭৪ টি হাসান, ৮৮ টি সহীহ হাদিস পাওয়া যায়। তন্মধ্যে উল্লেখযোগ্য হলঃ বুখারী ৫৫৮৮, তিরমিযি ১৮৭২, আবু দাউদ ৩৬৬৯, ৩৬৭৬, ৩৬৭৭, ৩৬৮৩, আহমাদ ৫৯৫৬, ১৫১৩১, ১৭৫১৩, ১৭৫৭৪, ১৭৫৭৫, ১৭৮৮৬, ১৭৯৪০, দারাকুতনী ৪৫৯৬, ৪৫৯৭, ৪৫৯৯, ৪৬০০, মুসান্নাফ আবদুর রাযযাক ১৩৫৫৫, ১৭০৮০, মু'জামুল আওসাত ১১০৩, ৫৭১২, ৭২৮৫।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ নু'মান ইবনু বশীর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন